



ঠাকুরগাঁও: খোলা ঘরে পাঠ নিচ্ছে শিক্ষার্থীরা

ইত্তেফাক

ফেলনাপুর রেনেসাঁ হাই স্কুলে শ্রেণিকক্ষ-বেঞ্চ সংকট

ঠাকুরগাঁও প্রতিনিধি

ঠাকুরগাঁও সদর উপজেলার একমাত্র উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান ফেলনাপুর রেনেসাঁ উচ্চ বিদ্যালয়ে শ্রেণিকক্ষ ও বেঞ্চের অভাবে শত শত শিক্ষার্থীর পাঠদানে ব্যাহত হচ্ছে।

সরকারি নিয়ম অনুযায়ী বিদ্যালয়ের ৫০০ জন শিক্ষার্থীর জন্য ২০টি শ্রেণিকক্ষের প্রয়োজন। কিন্তু কাঁচা

ও আধা-কাঁচা মিলিয়ে ৪টি শ্রেণিকক্ষ আছে। অন্যদিকে শিক্ষার্থীদের জন্য ১৫০ জোড়া বেঞ্চ প্রয়োজন হলেও রয়েছে ৮০ জোড়া বেঞ্চ। এ ব্যাপারে শ্রেণি শিক্ষক আলমগীর কবির জানান, বিদ্যালয়টিতে শ্রেণির কক্ষের অভাবে অনেক শিক্ষার্থী দাঁড়িয়ে থাকে। তাই অনেক সময় খোলা আকাশের নিচে ক্লাস নিতে হয়।

এ ব্যাপারে অত্র বিদ্যালয়ের ১০ম শ্রেণির ছাত্র-

ছাত্রীরা জানান, এই বিজ্ঞানের যুগে ডিজিটাল বাংলাদেশের সুযোগ-সুবিধা থেকে অত্র বিদ্যালয়ে শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল সালাম জানান, সরকারি অনুদানের মাধ্যমে একটি একাডেমিক ভবন নির্মাণের জন্য স্থানীয় সংসদ সদস্য রামেশ চন্দ্র সেনের কাছে লিখিতভাবে আবেদন করা হয়েছে।